"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

প্রতিদিন একবার হলেও আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

Website : www.bteb.gov.bd

প্রতিদিন একবার হলেও বাকাশিবো এর ওয়েবসাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন।

স্মারক নং-বাকাশিবো(প-২)/৬৩০(পার্ট-৪)/২৪৭৬ তারিখঃ ২১-১১-২০১৬খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি শিক্ষাক্রমের ২০১৩ প্রবিধানভূক্ত পরীক্ষার্থীদের ১ম, ৩য়, ৫ম, ৬ষ্ঠ পর্ব নিয়মিত ও ৪র্থ পর্ব অকৃতকার্য বিষয়ের পরীক্ষা এবং ৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন হেলথ্ সার্ভিসেস শিক্ষাক্রমের ২০০৯ প্রবিধানভূক্ত পরীক্ষার্থীদের ৬ষ্ঠ পর্ব নিয়মিত/অনিয়মিত পরীক্ষা-২০১৬ **বোর্ড নির্ধারিত কেন্দ্রে আগামী ১৮ জানুয়ারী ২০১৭ খ্রিঃ রোজ বুধবার হতে অনুষ্ঠিত হবে।**

পরীক্ষার বিস্তারিত সময়সূচি ও কেন্দ্র তালিকা যথাসময়ে জানানো হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটেও (www.bteb.gov.bd) দেখা যাবে।

স্বাক্ষরিত/-
(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৯১১৩২৮৩

ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান-২০১৩ এবং বাকাশিবো/ক(স্বাঃপ্রঃ)/২০১৫/১১৮/১, তারিখঃ ২৯-১১-২০১৫ স্মারক মূলে এর সংশোধনী মোতাবেক উক্ত কোর্সের আচরণভিত্তিক সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের মান বন্টন অনুযায়ী ১ম, ৩য়, ৫ম ও ৬ষ্ঠ পর্ব (২০১৩ প্রবিধান) এবং প্রবিধান-২০০৯ মোতাবেক ৬ষ্ঠ পর্ব সমাপনী পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার্থীদের ফরম ফিলাপ, পরীক্ষার ফি আদায় এবং বোর্ড ফি প্রেরণের নিয়মাবলী নিম্নে প্রদত্ত হল।

১। পরীক্ষার ফরম পূরণের নিয়মাবলীঃ

১.১ সকল পর্বের ফরম পূরণ Online এ সম্পন্ন করতে হবে।

১.২ **নির্ধারিত অনুচ্ছেদ ৩.৯ এ বর্ণিত তারিখ অনুযায়ী** অত্র বোর্ডের Website (www.bteb.gov.bd) এর মাধ্যমে Online এ ফরমপূরণের কাজ সম্পাদন করতে হবে। ফরম পূরণের Final প্রিন্ট-আউট কপি এবং টাকা জমা দেয়ার সময় পরীক্ষার্থীদের একটি পূর্নাঙ্গ তালিকা অনুচ্ছেদ ৩.৮ -এ বর্ণিত ছক অনুযায়ী অবশ্যই প্রদান করতে হবে। Online হতে সংগ্রহকৃত চূড়ামন্ত প্রিন্ট-আউট (Final List) এর ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে কোন সমস্যায় প্রিন্ট-আউট কপির ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে। **(উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী ফরমফিলাপ করবেনা তাদের নাম চূড়ান্ত প্রিন্ট আউট** (Final List) **তালিকায় থাকবে না। অর্থ্যাৎ চূড়ান্ত প্রিন্ট আউট তালিকায় যাদের নাম থাকবে তারাই ফরম ফিলাপ করেছে বলে গণ্য হবে)।**

১.৩ প্রবিধান ২০১৩ এর সংশোধনী স্মারক নং- বাকাশিবো/ক(স্বাঃপ্রঃ)/২০১৫/১১৮/১, তারিখঃ ২৯-১১-২০১৫ অনুসারে ১ম, ৩য় ও ৫ম (২০১৩-১৪ ও ২০১৪-১৫ সেশনে ভর্তিকৃত) পর্বের পরীক্ষার্থীদের পরীক্ষা লিথোবিহীন উত্তরপত্রে গ্রহণ করতে হবে। তবে ২০১৩-১৪ ও ২০১৪-১৫ সেশনে ভর্তিকৃত কোন পরীক্ষার্থীর (৫ম ও ৬ষ্ঠ পর্বে অধ্যানরত) ২য় ও ৪র্থ পর্বে কোন অকৃতকার্য বিষয় থাকলে তারা সে বিষয়/বিষয়সমূহের পরীক্ষা লিথুযুক্ত উত্তরপত্রে বোর্ড মূল্যায়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। এছাড়াও ২০১৩-১৪ ও ২০১৪-১৫ সেশনে ভর্তিকৃত কোন পরীক্ষার্থী ২য় পর্বে অনুত্তীর্ণ থাকলে সে সকল পরীক্ষার্থী উক্ত সংশোধনী মোতাবেক প্রতিষ্ঠান মুল্যায়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

১.৪ ৬ষ্ঠ পর্ব অনিয়মিত (ম্যানুয়াল) প্রত্যেক পরীক্ষার্থীকে নিজ নিজ এন্ট্রিফরমের নির্ধারিত স্থানে তাদের রেজিষ্ট্রেশন নমবর ও সেশন এবং প্রতি পর্বের সকল দেয় বিষয়ের পূর্ণনাম, স্ব স্ব রোল নমবর (যাহা এই পরীক্ষার ক্ষেত্রেও বহাল থাকবে) সুস্পষ্ট ও নির্ভুলভাবে লিখতে হবে। প্রত্যেক পরীক্ষার্থীর ২ কপি সত্যায়িত ফটো (পাসপোর্ট আকারের) সংযোজন করতে হবে।

২। পরীক্ষা ও অন্যান্য ফি-সমূহের হারঃ

(ক) ১ম পর্ব (২০১৩ প্রবিধান) পরীক্ষার্থীদের জন্যঃ

১	পরীক্ষার ফি	২২৫.০০
২	কেন্দ্র ফি	৪৫০.০০ (প্রতিষ্ঠান ২২৫.০০ + কেন্দ্র ২২৫.০০)
৩	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০

৪	নম্বরপত্র ফি	৫০.০০

(খ) ৩য় পর্ব (২০১৩ প্রবিধান) পরীক্ষার্থীদের জন্য (যাদের ২য় পর্বের অকৃতকার্য বিষয় নাই) ঃ

১	পরীক্ষার ফি	২২৫.০০
২	কেন্দ্র ফি	৪৫০.০০ (প্রতিষ্ঠান ২২৫.০০ + কেন্দ্র ২২৫.০০)
৩	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৪	নম্বরপত্র ফি	৫০.০০

(গ) ৫ম পর্ব নিয়মিত ঃ যাদের ২য় বা ৪র্থ পর্বের অকৃতকার্য বিষয় নাই **(২০১৩ প্রবিধানভুক্ত ২০১৩-১৪ ও ২০১৪-১৫ সেশনে ভর্তিকৃত পরীক্ষার্থীদের)**

০১	পরীক্ষার ফি	২২৫.০০
০২	কেন্দ্র ফি	৪৫০.০০ (প্রতিষ্ঠান ২২৫.০০ + কেন্দ্র ২২৫.০০)
০৩	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
০৪	নম্বরপত্র ফি	৫০.০০

(ঘ) ৫ম পর্ব নিয়মিত ঃ যাদের ২য় বা ৪র্থ পর্বের অকৃতকার্য বিষয় আছে (২০১৩ প্রবিধানভুক্ত ২০১৩-১৪ ও ২০১৪-১৫ সেশনে ভর্তিকৃত পরীক্ষার্থীদের)

০১	পরীক্ষার ফি ঃ ৫ম পর্বের জন্য	২২৫.০০
০২	পরীক্ষার ফিঃ ২য় ও ৪র্থ পর্বে অকৃতকার্য বিষয়ের জন্য	প্রতি বিষয় × ১০০.০০ সর্বনিমণ - ৪০০.০০
০৩	কেন্দ্র ফি ঃ ৫ম পর্বের জন্য	৪৫০.০০ (প্রতিষ্ঠান ২২৫.০০ + কেন্দ্র ২২৫.০০)
০৪	কেন্দ্র ফিঃ ২য় ও ৪র্থ পর্বে অকৃতকার্য বিষয়ের জন্য	প্রতি পর্ব × ২০০.০০ সর্বনিমণঃ ৪৫০.০০
০৫	৫ম পর্বের নম্বরপত্র ফি (প্রতিষ্ঠান পাবে)	৫০.০০
০৬	২য় ও ৪র্থ পর্বের নম্বরপত্র ফি (বোর্ড প্রাপ্য)	প্রতি পর্ব × ৭৫.০০
০৭	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০

(ঙ) ৬ষ্ঠ **পর্ব নিয়মিত পরীক্ষার্থী (২০১৩ প্রবিধানভুক্ত যাদের ২য়, ৪র্থ পর্বে অকৃতকার্য বিষয় নাই) ঃ**

০১	পরীক্ষার ফি	৪০০.০০
০২	কেন্দ্র ফি	৪৫০.০০
০৩	নম্বরপত্র ফি	৭৫.০০
০৪	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০

(চ) ৬ষ্ঠ **পর্ব নিয়মিত পরীক্ষার্থী (২০১৩ প্রবিধানভুক্ত যাদের ২য়, ৪র্থ পর্বের অকৃতকার্য বিষয় আছে) ঃ**

১.	পরীক্ষার ফি ঃ ৬ষ্ঠ পর্বের জন্য	৪০০.০০
২.	পরীক্ষার ফিঃ ২য় ও ৪র্থ পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য	প্রতি বিষয় × ১০০.০০ সর্বনিমণ- ৪০০.০০
৩.	কেন্দ্র ফি	৬ষ্ঠ পর্বের জন্য - ৪৫০.০০ ২য় ও ৪র্থ পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য- প্রতি পর্ব × ২০০.০০
৪.	নম্বরপত্র ফি	প্রতি পর্ব × ৭৫.০০
৫.	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০

(ছ) ৬ষ্ঠ **পর্ব নিয়মিত পরীক্ষার্থী (২০০৯ প্রবিধানভুক্ত যাদের ২য়, ৪র্থ পর্ব অকৃতকার্য বিষয় নাই) ঃ**

১.	পরীক্ষার ফি	৪০০.০০
২.	কেন্দ্র ফি	৪৫০.০০
৩.	নমবরপত্র ফি	৭৫.০০
৪.	সনদপত্র ফি	১০০.০০
৫.	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০

(জ) ৬ষ্ঠ **পর্ব নিয়মিত পরীক্ষার্থী (২০০৯ প্রবিধানভুক্ত যাদের ২য়, ৪র্থ পর্ব অকৃতকার্য বিষয় আছে) ঃ**

১.	পরীক্ষার ফি	৪০০.০০
২.	২য়, ৪র্থ পর্বের অকৃতকার্য বিষয়ের ফি (যদি থাকে)	প্রতি বিষয় × ১০০.০০

৩.	কেন্দ্র ফি	নিয়মিত পর্বের জন্য - ৪৫০.০০ অকৃতকার্য ২য়, ৪র্থ ও ৫ম পর্বের জন্য- প্রতি পর্ব × ২০০.০০
৪.	নম্বরপত্র ফি	প্রতি পর্ব × ৭৫.০০
৫.	সনদপত্র ফি	১০০.০০
৬.	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০

(ঝ) ৬ষ্ঠ পর্ব অনিয়মিত পরীক্ষার্থী (২০০৯ প্রবিধান) ঃ

১.	পরীক্ষার ফি	২য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পর্বের অকৃতকার্য বিষয় × ১০০.০০ সর্বনিম্নঃ ৪০০.০০
২.	কেন্দ্র ফি	অকৃতকার্য ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ পর্বের জন্য- প্রতি পর্ব × ২০০.০০ সর্বনিম্ন ঃ ৪৫০.০০
৩.	নমবরপত্র ফি	প্রতি পর্ব × ৭৫.০০
৪.	ফিল্ড ট্রেনিং ফি (যদি থাকে)	৫০০.০০
৫.	ব্যবহারিক পরীক্ষার ফি (যদি থাকে)	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০

৩। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রিফরম ও ফি প্রেরণের নিয়মাবলীঃ

৩.১. পরীক্ষার্থীদের ফরম ফিলাপ এবং ফি-সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতিত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৩.২. অসম্পূর্ণ অথবা ভুল তথ্যবিশিষ্ট ফরম সরাসরি বাতিল করা হবে এবং এ জন্য অত্র অফিস দায়ি থাকবে না।

৩.৩. প্রতি পরীক্ষার্থী হতে আদায়কৃত ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ফি **৫০০/- টাকা এর ৩০% = ১৫০/- টাকার মধ্যে ফিল্ড ট্রেনিং প্রতিবেদন বই বাবদ ৪০/- টাকা বাদে ১১০ টাকা এবং পরীক্ষার্থীর নিকট হতে আদায়কৃত বোর্ড প্রাপ্য সকল ফি-সমূহ (কেন্দ্র ফি ও ব্যবহারিক ফি বাদে) একটি মাত্র ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে** সোনালী ব্যাংক/ সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে ব্যাংক ড্রাফট করে প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফটটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা/ সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয়া স্মরনী শাখা হতে উত্তোলনযোগ্য হতে হবে। ব্যাংক ড্রাফ্ট এর সাথে Online-এ পুরুনকৃত ফরম ফিলাপ (EFF) এর Final List, Total Student List এবং Total Question Count List অবশ্যই জমা দিতে হবে।

৩.৪. ব্যবহারিক পরীক্ষার জন্য আদায়কৃত অর্থ হতে অনাভ্যন্তরীণ ও আভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকগণের সম্মানী প্রতি বিষয় প্রতি পরীক্ষার্থী ১০.০০ টাকা হারে পরিশোধ করতে হবে। অবশিষ্ট অর্থ ব্যবহারিক পরীক্ষার কাঁচামাল ক্রয়ে ব্যবহার করা যেতে পারে।

৩.৫. পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ কেন্দ্র ফি তহবিলে ব্যাংক একাউন্টে জমা থাকবে এবং পরীক্ষা সংক্রান্ত সকল স্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানী/পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই নিয়মানুযায়ী সম্মানী/পারিশ্রমিকের হার অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয় ও ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিব বরাবর প্রেরণ করতে হবে।

৩.৬. ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বহন করবে। নগদ অর্থ, মানি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নয়।

৩.৭. অত্র অফিসে প্রেরণের পূর্বে প্রতিটি এন্ট্রিফরমের লিপিবদ্ধতা শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট নথি পত্রের সহিত নির্ভুলভাবে পরীক্ষা করে টেকনোলজি অনুযায়ী শ্রেণী বিন্যাস করে আলাদাভাবে সাজিয়ে তালিকা প্রণয়ন করতে হবে। এর কোন ব্যতিক্রম গ্রহণযোগ্য নয়।

৩.৮. নিম্নবর্ণিত ছক অনুযায়ী টেকনোলজি ভিত্তিক পরীক্ষার্থীদের একটি তালিকা প্রেরণ করতে হবে। প্রতি বিষয়ের পরীক্ষার্থীদের সংখ্যা সমবলিত একটি মুখপত্র সংযোজন করা আবশ্যক।

ক্রমিক নং	**পরীক্ষার্থীদের নাম**	**রোল নমবর**	**রেজি: নম্বর ও সেসন**	**বিষয়ের কোড**	**পরীক্ষার ফি**	**নম্বরপত্র ফি**	**অকৃতকার্য বিষয়ের ফি**	**সনদপত্র ফি**	**বিলমব ফি**	**মোট টাকা**	**মন্তব্য**
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

৩.৯. নিম্ন ছকে বর্ণিত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্বান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

শিক্ষা প্রতিষ্ঠানে ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে বিলমব ফিসহ (৩০০/- টাকা প্রতি পরীক্ষার্থী) ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	অত্র বোর্ডের Website এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার তারিখ	সকল ব্যাংক ড্রাফট, প্রিন্টাউট কপি জমা / গ্রহণের শেষ তারিখ	নির্ধারিত তারিখের (২১-১২-১৬) পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে ২২-১২-১৬ তারিখ পর্যন্ত প্রিন্টআউট কপি, মুখপত্র ও ব্যাংক	অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ	প্রবেশপত্র সংশোধনের সময়সীমা

১৩-১২-১৬	১৪-১২-১৬	০৫-১২-১৬ হতে ১৪-১২-১৬ পর্যন্ত	২০-১২-১৬ (ঢাকা বিভাগ বাদে সকল বিভাগ)	ড্রাফট গ্রহণ করা হবে। এরপর কোন অবস্থাতেই প্রিন্টাউট কপি, মুখপত্র ও ব্যাংক ড্রাফট আর গ্রহণ করা হবে না।	১০-০১-১৭ (ঢাকা বিভাগ বাদে সকল বিভাগ)	১০-০১-১৭ হতে ১২-০১-১৭ পর্যন্ত
			২১-১২-১৬ (শুধুমাত্র ঢাকা বিভাগ)		১১-০১-১৭ (শুধুমাত্র ঢাকা বিভাগ)	

৩.১০. **পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্রঃ (ক) পরীক্ষার্থীদের ফরম (খ) পরীক্ষার ফি এর ব্যাংক ড্রাফট (গ) টেকনোলজি ভিত্তিক পরীক্ষার্থীদের ৩.৮ অনুযায়ী তালিকা প্রস্তুত করে একজন দায়িত্বশীল কর্মকর্তা/রেজিষ্টার বা সমপর্যায়ের কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে।** তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৩.১১. পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ (দৃষ্টি আর্কষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ডিপ্লোমা) বরাবরে প্রেরণ করতে হবে।

৪। অন্যান্য শর্তাবলীঃ

৪.১. পরীক্ষার্থীদের ফরম এবং ফি সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতিত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না। পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফি সমূহের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ও ফরম সমূহ ৩.৮ অনুচ্ছেদ মোতাবেক প্রণীত বিবরণীসহ একটি ফরোয়ার্ডিং এর মাধ্যমে অত্র অফিসে প্রেরণ করতে হবে। ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যমে এন্ট্রিফরম প্রেরণ করা বর্জনীয়।

৪.২. নির্ধারিত সময় সীমার মধ্যে ফরম পূরণের তথ্যাবলী অত্র বোর্ডে জমা গ্রহণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদিগকে যে কোন প্রকারের বিড়ম্বনা হতে পরিত্রানের লক্ষ্যে ফরম ও ব্যাংক ড্রাফট ৩.৯ অনুচ্ছেদে বর্ণিত তারিখে মোতাবেক প্রেরণ করতে হবে।

৪.৩. প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক ফরম পূরণের সময় অত্র বিজ্ঞপ্তি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদিগকে পুরোপুরি ওয়াকিবহাল করতে হবে।

স্মারক নং-বাকাশিবো(প-২)/৬৩০(পার্ট-৪)/২৪৭৬(১৪) তারিখঃ ২১-১১-২০১৬খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলঃ

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. সভাপতি, স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম অনুষদ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অধ্যক্ষ/পরিচালক ....।
৫. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক - গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপসচিব (রেজিঃ)/উপসচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. সিষ্টেম এনালিষ্ট, বাকাশিবো (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো)।
৯. প্রোগ্রামার (ডিপ্লোমা ইন হেলথ এর দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/শর্টকোর্স/টেক্সটাইল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৯১১৮৭৭৬